দৈনিক বাংলা

84

তারিখ 19 SEP 1988
পৃষ্ঠা ২ কলাম ৯

৩২

# মহাদেবপুর ডিগ্রী কলেজের মঞ্জুরী বাতিল

(স্টাফ রিপোর্টার)

মানিকগঞ্জ, ১৭ই সেপ্টেম্বর।— ঢাকা শিক্ষাবোর্ড শিবালয়ের মহাদেবপুর ডিগ্রী কলেজের মঞ্জুরী বাতিল করেছে। সরকারী সকল অনুদানও বন্ধ করা হয়েছে। এছাড়াও কলেজের গর্বানিং বডি কলেজ অধ্যক্ষকে সাসপেন্ড করেছে।

প্রকাশ, ঢাকা বোর্ডের নিয়ম লংঘন করে এবারের এইচএসসি পরীক্ষায় কয়েকশো বহিরাগত ফেল করা ছাত্রছাত্রীকে নিয়মিত ছাত্র দেখিয়ে পরীক্ষার্থী নির্বাচন করায় এবং এই কেন্দ্রে পরীক্ষা চলাকালীন সময়ে হাঙ্গামা হওয়ায় বোর্ড কর্তৃপক্ষ এ ব্যবস্থা নেন।